# ২৭তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০০৫

পরীক্ষার তারিখ ১৮.১১.২০০৫ সময় ১ ঘণ্টা; পূর্ণমান ১০০; কোড শাপলা; সেট নম্বর : ১

১. কোনটি উপন্যাস?
ⓚ নতুন চাঁদ ⓚ কন্যাকুমারী
ⓖ গড্ডলিকা ⓖ নেমেসিস

(ব্যাখ্যা) 'নতুন চাঁদ' কাজী নজরুল ইসলাম রচিত কাব্যগ্রন্থ, 'কন্যাকুমারী' আবদুর রাজ্জাক কর্তৃক রচিত উপন্যাস, 'গড্ডলিকা' রাজশেখর বসুর গল্পগ্রন্থ এবং 'নেমেসিস' নূরুল মোমেনের বিখ্যাত নাটক।

২. লৌকিক কাহিনীর প্রথম রচয়িতা কে?
ⓚ আলাওল ⓚ কোরেশী মগন
ⓖ দৌলত কাজী ⓖ সৈয়দ সুলতান

(ব্যাখ্যা) পুরুষানুক্রমে মুখে মুখে প্রচলিত বর্ণনামূলক গল্পকে লোক কাহিনী বা লৌকিক কাহিনী বলা হয়। এর মূল ভিত্তি কল্পনা। স্বর্গ-মর্ত্য পাতাল পর্যন্ত গল্পের আখ্যানের সীমানা বিস্তৃত। দেব-দৈত্য, জীন-পরী, রাক্ষস-খোক্কস, রাজা-প্রজা, সাধু-সন্ন্যাসী, পীর-ফকির, কৃষক-তাঁতি, কামার-কুমার ইত্যাদি বিষয় নিয়ে লৌকিক কাহিনী রচিত হয়। লৌকিক কাহিনীর প্রথম রচয়িতা হিসেবে দৌলত কাজীই অগ্রগণ্য। দৌলত কাজী 'সতীময়না ও লোর চন্দ্রানী' কাব্য রচনা করে মানবীয় আখ্যায়িকার ধারা প্রবর্তন করেন।

৩. সাপ্তাহিক 'সুধাকর'-এর সম্পাদক কে?
ⓚ মুন্সি মোহাম্মদ রিয়াজউদ্দিন আহমদ
ⓚ মুন্সি মোহাম্মদ মেহের উল্লা
ⓖ শেখ আব্দুর রহিম ⓖ ইসমাইল হোসেন সিরাজী

(ব্যাখ্যা) সাপ্তাহিক 'সুধাকর' (১৮৯৪), মাসিক 'মিহির' (১৮৯২), মাসিক 'হাফেজ', 'মোসলেম ভারত' প্রভৃতি পত্রিকা সম্পাদনা করেন শেখ আবদুর রহিম। 'মুসলমান' (১৮৮৪), সাপ্তাহিক 'নব সুধাকর' (১৮৮৫), 'ইসলাম' (১৮৮৫) ইত্যাদি পত্রিকার সম্পাদক ছিলেন মুন্সী মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ। মাসিক 'নূর' (১৯১৯) ও সাপ্তাহিক 'সুলতান' (১৯২৩) পত্রিকা সম্পাদনা করেন ইসমাইল হোসেন সিরাজী এবং মুন্সী মেহেরুল্লাহ ছিলেন ধর্মপ্রচারক। তিনি কোনো পত্রিকা সম্পাদনা করেননি। তিনি 'খ্রিস্টান ধর্মের অসারতা' নামে একটি প্রচার পুস্তিকা প্রকাশ করেন।

৪. মাসিক মোহাম্মদী কোন সালে প্রকাশিত হয়?
ⓚ ১৯২৬ ⓚ ১৯২৭
ⓖ ১৯২৮ ⓖ ১৯২৯

(ব্যাখ্যা) এ পত্রিকাটি দৈনিক, সাপ্তাহিক, মাসিক, এমনকি বার্ষিক হিসেবেও প্রকাশিত হয়েছে এবং পরে আবার মাসিক রূপে প্রকাশিত হয়ে অবশেষে লুপ্ত হয়েছে। দৈনিক আজাদের প্রতিষ্ঠাতা সম্পাদক মোহাম্মদ আকরম খাঁর সম্পাদনায় 'মোহাম্মদী' ১৯০৩ সালের ১৮ আগস্ট কলকাতায় আত্মপ্রকাশ করে। তখন এটি ছিল মাসিক পত্রিকা। এরপর ১৯১০ সালে এটি 'সাপ্তাহিক মোহাম্মদী' নামে মোহাম্মদ আকরম খাঁর সম্পাদনায় প্রকাশিত হয়। ১৯২২ সালে এটি দৈনিক পত্রিকা হিসেবে আত্মপ্রকাশ করে। ১৯২৭ সালের ৬ নভেম্বর 'মাসিক মোহাম্মদী' আবার নতুনভাবে প্রকাশিত হয়।

৫. কোন পত্রিকাটি ১৯২৩ সালে প্রকাশিত হয়?
ⓚ কালিকলম ⓚ প্রগতি
ⓖ কল্লোল ⓖ সবুজপত্র

(ব্যাখ্যা) দীনেশরঞ্জন দাসের সম্পাদনায় ১৯২৩ সালে প্রকাশিত হয় মাসিক 'কল্লোল' পত্রিকাটি। শৈলজানন্দের সম্পাদনায় সচিত্র মাসিক 'কালিকলম' ১৯২৬ সালে, বুদ্ধদেব বসু ও অজিত দত্তের সম্পাদনায় সচিত্র মাসিক 'প্রগতি' ১৯২৭ সালে এবং প্রমথ চৌধুরীর সম্পাদনায় 'সবুজপত্র' ১৯১৪ সালে প্রকাশিত হয়।

৬. ঢাকা থেকে প্রকাশিত হয় কোন পত্রিকাটি?
ⓚ অরণি ⓚ পরিচয়
ⓖ নবশক্তি ⓖ ক্রান্তি

৭. গ্রিক শব্দ কোনটি?
ⓚ তুফান ⓚ লুঙ্গী
ⓖ কুশন ⓖ দাম

(ব্যাখ্যা) 'দাম' হচ্ছে গ্রিক শব্দ। 'তুফান', 'লুঙ্গী' ও 'কুশন' যথাক্রমে আরবি, বর্মি ও ইংরেজি শব্দ।

৮. বাংলা ভাষায় কয়টি খাঁটি বাংলা উপসর্গ আছে?
ⓚ উনিশ ⓚ কুড়ি
ⓖ একুশ ⓖ বাইশ

(ব্যাখ্যা) বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ রয়েছে ২১ টি। এগুলো হচ্ছে– অ, অঘা, অজ, অনা, আ, আড়, আব, আন, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। এবং সংস্কৃত উপসর্গের সংখ্যা ২০টি।

৯. 'শিশুরাজ্যে এই মেয়েটি একটি ছোটখাট বর্গির উপদ্রব বলিলেই হয়।' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের সংলাপ?
ⓚ একরাত্রি ⓚ শুভা
ⓖ সমাপ্তি ⓖ পোস্টমাস্টার

(ব্যাখ্যা) সংলাপটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সমাপ্তি' ছোটগল্পের নায়িকা 'মৃন্ময়ী' সম্পর্কে লেখকের উক্তি।

১০. বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ কোনটি?
ⓚ বাঙ্গালা সাহিত্যের ইতিহাস ⓚ বঙ্গভাষা ও সাহিত্য
ⓖ বাংলা সাহিত্যের কথা ⓖ বাংলা সাহিত্যের রূপরেখা

(ব্যাখ্যা) দীনেশচন্দ্র সেনগুপ্তের 'বঙ্গভাষা ও সাহিত্য' বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রথম প্রবন্ধগ্রন্থ। ১৮৯৬ সালে এটি প্রকাশিত হয়।

উত্তর

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | গ |
| ৩ | গ |
| ৪ | খ |
| ৫ | গ |
| ৬ | ঘ |
| ৭ | ঘ |
| ৮ | গ |
| ৯ | গ |
| ১০ | খ |

১১. কত খ্রিষ্টাব্দে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের 'জগত্তারিণী' পদক লাভ করেন?
ⓚ ১৯১৬ ⓚ ১৯২৩
ⓖ ১৯৩৩ ⓖ ১৯০৩

(ব্যাখ্যা) অপরাজেয় কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় তার সামগ্রিক সাহিত্যকর্মের জন্য কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯২৩ সালে 'জগত্তারিণী' স্বর্ণপদক এবং ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে 'ডি লিট' উপাধি লাভ করেন।

১২. রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কি?
ⓚ মাগধীয় ব্যাকরণ ⓚ গৌড়িয়া ব্যাকরণ
ⓖ মাতৃভাষা ব্যাকরণ ⓖ ভাষা ও ব্যাকরণ

(ব্যাখ্যা) রাজা রামমোহন রায় প্রথম বাঙালি হিসেবে 'গৌড়ীয় ব্যাকরণ' (১৮৩৩) রচনা করেন। তার অন্যান্য রচনা হচ্ছে 'বেদান্তসার' (১৮১৫), 'ভট্টাচার্যের সহিত বিচার' (১৮১৭), 'সহমরণ বিষয়ক প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ' (১৮১৮) ইত্যাদি।

১৩. 'মেছো' শব্দের প্রকৃতি-প্রত্যয় কি?
ⓚ মাছ + ও ⓚ মেছ + ও
ⓖ মাছি + উয়া > ও ⓖ মাছ + উয়া > ও

১৪. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?
ⓚ বাক্ + দান = বাগদান ⓚ উৎ + ছেদ = উচ্ছেদ
ⓖ পর + পর = পরস্পর ⓖ সম + সার = সংসার

(ব্যাখ্যা) কোনো নিয়ম অনুসরণ না করে যখন সন্ধি সাধিত হয় তখন তাকে নিপাতনে সিদ্ধ বলে। উপরিউক্ত সন্ধিগুলোর মধ্যে 'পর + পর = পরস্পর' ছাড়া অন্য সন্ধিগুলো ব্যাকরণের সুনির্দিষ্ট নিয়ম মেনে সম্পন্ন হয়েছে।

১৫. বাংলা মৌলিক নাটকের যাত্রা শুরু হয় কোন নাট্যকারের হাতে?
ⓚ মধুসূদন দত্ত ⓚ দীনবন্ধু মিত্র
ⓖ জ্যোতিন্দ্রনাথ ঠাকুর ⓖ রামনারায়ণ তর্করত্ন

(ব্যাখ্যা) উনিশ শতকের গোড়ার দিকে সংস্কৃত নাটকের অনুবাদ শুরু হলেও তারাচরণ শিকদারের 'ভদ্রার্জুন' (১৮৫২) ও রামনারায়ণ তর্করত্নের 'কুলীনকুল সর্বস্ব' (১৮৫৪) নাটক থেকে প্রকৃতপক্ষে বাংলা মৌলিক নাট্যসাহিত্যের সূত্রপাত হয়।

১৬. প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় —।
ⓚ উপমিত ⓚ উপমান
ⓖ উপমেয় ⓖ রূপক

(ব্যাখ্যা) 'উপমান' শব্দের অর্থ 'তুলনীয় বস্তু'। অর্থাৎ প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে অন্য কোনো পরোক্ষ বস্তুর তুলনা করা হলে ঐ প্রত্যক্ষ বস্তুটিকে 'উপমেয়' বলা হয়। পক্ষান্তরে, যার সাথে উপমা দেয়া হয় বা তুলনা করা হয় তাকে 'উপমান' বলে। যেমন–'পদ্মআঁখি' শব্দটিতে পদ্মের সাথে আঁখির উপমা দেয়া হয়েছে। সুতরাং 'পদ্ম' উপমান এবং 'আঁখি' উপমেয়। 'উপমান' ও 'উপমেয়' পদের সমাস হলে যদি উপমেয়ের অর্থ প্রধান রূপে প্রতীয়মান হয় তাকে উপমিত সমাস বলে। যেমন– পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ এবং যে স্থলে উপমান ও উপমেয় সমাস হয়েছে এবং উভয়ের মধ্যে অভেদ কল্পনা করা হয়েছে তাকে রূপক সমাস বলে। যেমন– ফুল রূপ কুমারী = ফুলকুমারী।

১৭. 'পাখি সব করে রব রাতি পোহাইল' পঙ্‌ক্তির রচয়িতা —।
ⓚ রামনারায়ণ তর্করত্ন ⓚ বিহারী লাল
ⓖ কৃষ্ণচন্দ্র মজুমদার ⓖ মদনমোহন তর্কালংকার

(ব্যাখ্যা) পংক্তিটির রচয়িতা মদনমোহন তর্কালঙ্কার (১৮১৭-১৮৫৮)। 'শিশু শিক্ষা' (১ম ও ২য় ভাগ-১৮৪৯ এবং ৩য় ভাগ-১৮৫০) নামক শিশুতোষ গ্রন্থ রচনা করে বিশেষ খ্যাতি অর্জন করেন। 'পাখি সব করে রব, রাতি পোহাইল' পংক্তিটি এ গ্রন্থের প্রথমভাগের একটি সুপরিচিত ও জনপ্রিয় শিশুতোষ কবিতা।

১৮. 'আমি কিংবদন্তীর কথা বলছি'–এর রচয়িতা কে?
ⓚ সিকান্দার আবু জাফর ⓚ আবু জাফর ওবায়দুল্লাহ
ⓖ ফররুখ আহমদ ⓖ আহসান হাবীব

(ব্যাখ্যা) 'আমি কিংবদন্তীর কথা বলছি'– আবু জাফর ওবায়দুল্লাহ রচিত কাব্যগ্রন্থ, প্রকাশিত হয় ১৯৮১ সালে। এ লেখকের অন্যান্য কাব্যগ্রন্থ হচ্ছে 'সাতনরী হার', 'কখনও রং কখনও সুর', 'কমলের চোখ', 'সহিষ্ণু প্রতিক্ষা', 'প্রেমের কবিতা', 'নির্বাচিত কবিতা' ইত্যাদি।

১৯. 'জীবনে জ্যাঠামি ও সাহিত্যে ন্যাকামি' সহ্য করতে পারতেন না—
ⓚ বঙ্কিমচন্দ্র ⓚ সৈয়দ মুজতবা আলী
ⓖ প্রমথ চৌধুরী ⓖ প্রমথনাথ বিশী

(ব্যাখ্যা) 'জ্যাঠামি' শব্দের অর্থ– বাচালতা, পাকামি, অকালপক্বতা ইত্যাদি আর 'ন্যাকামি শব্দের অর্থ– সারল্য বা সাধুতার ভানকারী, অজ্ঞতার ভান ইত্যাদি। বাংলা সাহিত্যে চলিত ভাষার প্রবর্তক প্রমথ চৌধুরী ছিলেন মার্জিত নাগরিক রুচি, প্রখর বুদ্ধিদীপ্ত ও অপূর্ব বাক-চাতুর্যের অধিকারী। সাহিত্যের উদ্দেশ্য সম্পর্কে তার মত হলো– 'সাহিত্যের উদ্দেশ্য হচ্ছে সকলকে আনন্দ দান করা, কারও মনোরঞ্জন নয়। সাহিত্য ছেলের হাতের খেলনাও নয়, গুরুর হাতের বেতও নয়।'

২০. 'এ মাটি সোনার বাড়া'—এ উদ্ধৃতিতে 'সোনা' কোন অর্থে ব্যবহার করা হয়েছে?
ⓚ বিশেষণের অতিশায়ন ⓚ রূপবাচক বিশেষণ
ⓖ উপাদান বাচক বিশেষণ ⓖ বিধেয় বিশেষণ

(ব্যাখ্যা) বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে গুণ, অবস্থা, পরিমাণ প্রভৃতি বিষয়ে তুলনায় একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝিয়ে থাকে তাকে 'বিশেষণের অতিশায়ন' বলে। 'এ মাটি সোনার বাড়া' শব্দটি খাঁটি বাংলা শব্দের অতিশায়ন। এখানে মাটিকে সোনার চেয়ে বড় বা মূল্যবান মনে করা হয়েছে।

উত্তর

| | |
|---|---|
| ১১ | খ |
| ১২ | খ |
| ১৩ | ঘ |
| ১৪ | গ |
| ১৫ | ঘ |
| ১৬ | গ |
| ১৭ | ঘ |
| ১৮ | খ |
| ১৯ | গ |
| ২০ | ক |

২১. **What would have happened if—?**
ⓚ The bridge is broken
ⓚh The bridge would break
ⓖ The bridge had broken
ⓖh The bridge had been broken

(ব্যাখ্যা) সাধারণত অতীতের কোনো action অথবা event যদি পরস্পর সম্পর্কিতভাবে ঘটে সেক্ষেত্রে modal verb হিসেবে 'would have' ব্যবহার করা হয়। এক্ষেত্রে would have ... if ... structure ব্যবহৃত হয় নিম্নরূপে— sub + would have + past participle form of verb + if + 2nd sub + had + past participle form of verb + ... যেমন—What would have happened if I had seen the advertisement in time? অর্থাৎ এখানে বলা হচ্ছে যদি নিয়োগ বিজ্ঞপ্তিটা সময় মতো লেখক দেখতে পেত বা পেত তাহলে কি ঘটত? হয়তো বা সে চাকরিটা পেয়ে যেত। কিন্তু চাকরিটা পায়নি কারণ নিয়োগ বিজ্ঞপ্তি সময়মতো পায়নি। অনুরূপভাবে প্রদত্ত sentence-এ 'What would have happened if the bridge had broken' দ্বারা বোঝানো হয়েছে তারা ব্রিজটা সহজেই পেরিয়ে এসেছে। কিন্তু যদি ভেঙ্গে পড়ত তাহলে কি ঘটত? হয়তো তারা অনেকেই আহত হতো। কিন্তু কিছুই ঘটেনি। সুতরাং সঠিক উত্তর হবে (গ)।

২২. **Explain the meaning of 'Bring to pass'.**
ⓚ Cause to destroy ⓚh Cause to happen
ⓖ Cause to carry out ⓖh Cause to convince

(ব্যাখ্যা) 'Bring to pass'-এর অর্থ হচ্ছে কোনো কিছু ঘটা। 'cause to destroy' দ্বারা 'ধ্বংস হওয়া' 'cuase to carry out' বলতে কোনো কিছু সম্পাদন করা এবং 'cause to convince' দ্বারা কোনো কিছু স্বমতে নিয়ে আসা এবং 'cause to happen' দ্বারা কোনো কিছু ঘটানোকে বোঝায়। সুতরাং সঠিক উত্তর হবে (খ)।

২৩. **Which of the following sentences is the correct one?**
ⓚ Paper is made of wood
ⓚh Paper is made from wood
ⓖ Paper is made by wood
ⓖh Paper is made on wood

(ব্যাখ্যা) উপরিউক্ত Sentence-এর সম্ভাব্য দুটি উত্তর হচ্ছে (ক) এবং (খ)। কারণ 'make of' এবং 'make from' উভয় group verbs-এর দ্বারা গঠন হওয়া বা তৈরি হওয়াকে বোঝায়। তবে উভয়ের মধ্যে পার্থক্য হচ্ছে 'make of' দ্বারা কোনো কিছু দিয়ে তৈরি হওয়াকে বোঝায়; যেমন– The table is made of wood. অর্থাৎ কাঠ দ্বারা সরাসরি টেবিল তৈরি করা হয় এবং 'make from' দ্বারা কোনো কিছু থেকে তৈরি হওয়াকে বোঝায়; যেমন– Sweets are made from milk. অর্থাৎ Milk-কে processing করে Sweets তৈরি করা হয়। উপরের Sentence-এ 'Paper is made from wood' দ্বারা সরাসরি কাঠ থেকে paper তৈরিকে বোঝায়নি, বরং কাঠ থেকে processing-এর মাধ্যমে paper তৈরিকে বুঝিয়েছে। সুতরাং সঠিক উত্তর হবে (খ)।

২৪. **The word <u>bounty</u> is closest in meaning to**
ⓚ generosity ⓚh familiar
ⓖ dividing line ⓖh sympathy

(ব্যাখ্যা) 'generous' wordটির অর্থ হচ্ছে liberal, bountiful, noble ইত্যাদি; 'familiar' word-টির অর্থ হচ্ছে well-known, intimate, domestic, common ইত্যাদি এবং sympathy শব্দটির অর্থ হচ্ছে community of feeling, compassion, pity ইত্যাদি। সুতরাং সঠিক উত্তর হবে generosity.

২৫. **Give the correct passive form of 'My teacher embodies all the good qualities'.**
ⓚ All the good qualities are embodied by my teacher.
ⓚh All the good qualities are embodied in my teacher.
ⓖ All the good qualities are embodied to my teacher.
ⓖh All the good qualities are embodied on my teacher.

(ব্যাখ্যা) এ sentence দ্বারা বুঝানো হয়েছে যে তার teacher সকল প্রকার ভালো গুণাবলী বাস্তব রূপদান করে বা নিজের মধ্যে ধারণ করে স্পষ্টভাবে প্রকাশ করে। তাই passive করার সময় 'embodied in' ব্যবহার করা হয়েছে।

২৬. **Choose the correct indirect speech— She asked me, 'Are you happy in your new job?'**
ⓚ She asked me if I was happy in my new job
ⓚh She asked me if I have been happy in my new job
ⓖ She asked me whether I am happy in my new job
ⓖh She asked me if I had been happy in my new job

(ব্যাখ্যা) Direct Narration-এ Reported Speech যদি Interrogative sentence হয় তাহলে–
- Reporting verb-কে ask, demand, enquire wonder ইত্যাদিতে পরিবর্তন করে নিতে হয়;
- Question-এর উত্তর যদি 'yes' বা 'No' দিয়ে দেয়া সম্ভব হয় তাহলে Reported Speech-এর আগে conjunction if এবং ক্ষেত্র বিশেষে 'whether' বসে।
- Reported Speech-কে Indirect করার সময় Assertive করে নিতে হবে।

খ ও গ-এর option দুটিতে Reported Specch-কে present form-এ রাখা হয়েছে। কিন্তু, যেহেতু Reporting Speech past form-এ রয়েছে সেহেতু অবশ্যই Reported Speech-কেও past form করতে হবে। আবার (ঘ) নং option-এ অনর্থক 'had been' ব্যবহার করা হয়েছে, যা দ্বারা বোঝাচ্ছে অতীতে চাকরিটি পেয়ে আমি খুশি হয়েছিলাম কিনা? সুতরাং এটিও সঠিক নয়। অতএব সঠিক হচ্ছে (ক)।

উত্তর

| | |
|---|---|
| ২১ | গ |
| ২২ | খ |
| ২৩ | খ |
| ২৪ | ক |
| ২৫ | খ |
| ২৬ | ক |

২৭. **The meaning of the word 'obese' is —**

ⓚ very fat ⓚ ugly
ⓖ tardy ⓖ obnoxious

(ব্যাখ্যা) 'Obese' বলতে বোঝায় 'very fat' বা 'abnormally fat'; 'ugly'- শব্দটির অর্থ হচ্ছে 'unpleasant to look at' or other senses, ill-natured ইত্যাদি 'tardy'-এর অর্থ হচ্ছে 'slow', 'sluggish', 'late' ইত্যাদি এবং 'obnoxious'-এর অর্থ হচ্ছে objectionable, offensive ইত্যাদি। সুতরাং সঠিক উত্তর হবে (ক)।

২৮. **A person who writes about his own life writes—**

ⓚ a diary ⓚ a biography
ⓖ an autobiography ⓖ a chronicle

(ব্যাখ্যা) diary বলতে বোঝায় a book in which one writes about one's daily experiences, records one's private thoughts etc; 'biography' বলতে বোঝায় the story of a person's life written by somebody else; 'autobiography' বলতে বোঝায় the story of a person's life written by that person; এবং 'chronicle' বলতে বোঝায় a record of historical events in the order in which they happended. সুতরাং উপরের ৪টি word-এর অর্থ বিশ্লেষণ করে দেখা যাচ্ছে, 'biography' এবং 'autobiography' দ্বারা জীবনকাহিনী লেখাকে বোঝায়। তবে 'biography' দ্বারা বোঝায় অন্য লোকের দ্বারা জীবনকাহিনী লেখানো এবং 'autobiography' দ্বারা নিজেই নিজের জীবনকাহিনী লেখাকে বোঝায়। সুতরাং সঠিক উত্তর হবে (গ)।

২৯. **Which of the following sentences is correct?**

ⓚ Why have you done this?
ⓚ Why you had done this?
ⓖ Why you have done this?
ⓖ Why did you done this?

(ব্যাখ্যা) Sentence-টি প্রশ্নবোধক না হলে হতো 'You have done this । এসব sentence-কে why দ্বারা interrogative করতে হলে নিচের sentence অনুযায়ী করতে হবে। Why + auxiliary verb + subject + principal verb + objective or others. উপরিউক্ত structure অনুযায়ী sentence তৈরি করা হয়েছে (ক)-তে। সুতরাং উত্তর হবে (ক)।

৩০. **What will be the correct preposition to complete the sentence?**
**'I am not good— translation'**

ⓚ in ⓚ about
ⓖ with ⓖ at

(ব্যাখ্যা) 'Good'-এর পরে সাধারণত 'at' preposition ব্যবহৃত হলে বোঝায় 'able to do something well' যেমন– She is good at mathematics; 'good'-এর সাথে with preposition বসলে বোঝায় 'capable when using dealing with etc. যেমন– She is very good with children. সুতরাং উপরিউক্ত sentence-এর জন্য 'at' appropriate preposition.

৩১. **Which is the noun of the word 'beautiful'**

ⓚ Beauty ⓚ Beautify
ⓖ Beauteous ⓖ Beautifully

(ব্যাখ্যা) 'Beauty' wordটি noun; 'Beautify' wordটি verb; 'Beauteous' হচ্ছে adjective এবং 'Beautifully' হচ্ছে adverb.

৩২. **Fill in the blank with appropriate perposition.**
**'Hurry up! we have to go — five minutes.'**

ⓚ in ⓚ on
ⓖ by ⓖ for

(ব্যাখ্যা) Sentence টিতে বলা হয়েছে ৫ মিনিট সময় আছে, এর মধ্যে বা ৫ মিনিটের পূর্বে অবশ্য পৌঁছতে হবে। এক্ষেত্রে 'in' appropriate হবে না, কেননা নির্দিষ্ট কোনো সময় বা কোনো সময়ের মধ্যে বোঝাতে সাধারণত 'in' হয়। যেমন– I will come in an hour. তারিখ বা সময় বোঝাতে 'on' ব্যবহৃত হয়। যেমন– Meet me on Monday. 'by' দ্বারা নির্দিষ্ট সময়ের পূর্বে বোঝায়, যেমন– I will come by 5 pm. এ Sentence দ্বারা বোঝাচ্ছে আমি বিকেল ৫টার আগেই আসব। সুতরাং appropriate preposition হবে 'by' 'for' দ্বারা সাধারণত সময়ের ব্যাপ্তি বোঝায়, যেমন– Chameli has been reading for an hour. সুতরাং 'for' ও উপরিউক্ত Sentence-এ হবে না।

৩৩. **Identify the imperative sentence.**

ⓚ I shall go to college ⓚ Matin is singing a song
ⓖ Stand up
ⓖ It has been raining since morning

(ব্যাখ্যা) যে Sentence দ্বারা আদেশ, উপদেশ, অনুরোধ, নিষেধ ইত্যাদি বোঝায় তাকে Imperative Sentence বলে। উপরিউক্ত ৪টি Sentence-এ (ক)-তে 'I shall go to college' অর্থাৎ 'আমি কলেজে যাব'-এর মাধ্যমে আদেশ, উপদেশ, অনুরোধ বা নিষেধ কোনো কিছু বোঝাচ্ছে না, বরং এখানে অনুজ্ঞা বা ইচ্ছা বোঝাচ্ছে। (খ)-তে 'Matin is singing a song' অর্থাৎ 'মতিন গান গাচ্ছে'-এ Sentence-এর মাধ্যমেও আদেশ, উপদেশ, অনুরোধ কোনো কিছুই বোঝাচ্ছে না এবং এটি দ্বারা কোনো কিছুর বর্ণনা বোঝাচ্ছে। সুতরাং এটি 'Imperative sentence নয়। (গ)-তে 'Stand up' অর্থাৎ উঠে দাঁড়াও বা দাঁড়ান দ্বারা পরিষ্কারভাবে আদেশ বোঝাচ্ছে। সুতরাং নিঃসন্দেহে এটি Imperative sentence. (ঘ)-তে 'it has been raining since morning' অর্থাৎ সকাল থেকে বৃষ্টি হচ্ছে— Sentenceটিও Assertive বা বর্ণনামূলক।

৩৪. **Fill in the gap with the suitable word :**
**To stay healthy, we must plan to have a balanced—**

ⓚ diet ⓚ food
ⓖ drink ⓖ environment

(ব্যাখ্যা) উপরিউক্ত sentence-এ balanced adjectiveটির সাথে diet হওয়াই সম্ভব; কারণ স্বাস্থ্য ঠিক রাখার জন্য শুধু খাদ্য (food), পানীয় (drink), বা পরিবেশ (environment) নয়, প্রয়োজন সুষম খাদ্য।

উত্তর

| | |
|---|---|
| ২৭ | ক |
| ২৮ | গ |
| ২৯ | ক |
| ৩০ | ঘ |
| ৩১ | ক |
| ৩২ | গ |
| ৩৩ | গ |
| ৩৪ | ক |

www.boighar.com

৩৫. **Choose the correct alternative and mark its letter on your answer sheet.**
**The rich should not look down — the poor.**
ⓚ at ⓚ for
ⓖ towards ⓖ upon

ⓚ at ⓛ for ⓜ towards ⓝ upon

(ব্যাখ্যা) *'look at' অর্থাৎ তাকানো, প্রত্যাখ্যান করা, উপেক্ষা করা ইত্যাদি। যেমন– 'She is looking at me' 'look for' অর্থ– খোঁজা, সন্ধান করা, প্রত্যাশা করা ইত্যাদি। যেমন– She is looking for me; look towards অর্থ– মুখোমুখি অবস্থায় বা বিপরীতে অবস্থান করা। যেমন– The house looks towards the sea. 'look down upon' অর্থ– ঘৃণা করা, যেমন– The rich should not look down upon the poor. সুতরাং সঠিক উত্তর (ঘ)।*

৩৬. **I took a map with me, as I didn't want to — my way on the journey.**
ⓚ loose ⓛ lose
ⓜ lost ⓝ loss

(ব্যাখ্যা) *উপরিউক্ত sentence-টি infinitive হওয়ায় এর structure হবে to + base form of verb অর্থাৎ verb-এর present form-এর পূর্বে to বসিয়ে infinitive গঠিত হয়। Infinitive কোনো subject-এর সাথে সম্পৃক্ত নয়। এটি শুধু verb-এর ভাব বোঝায়। Number, person ও tense ভেদে এর কোনো পরিবর্তন হয় না। এ ক্ষেত্রে 'loose' হচ্ছে adjective, 'lost' হচ্ছে past form of 'lose'; loss হচ্ছে noun এবং শুধু 'lose' হচ্ছে verb-এর present form. সুতরাং সঠিক উত্তর (খ)।*

৩৭. **Every driver must be held — his own actions.**
ⓚ responsible for ⓛ responsible to
ⓜ liable to ⓝ blamed for

(ব্যাখ্যা) *অধস্তন উর্ধ্বতন কোনো কর্তৃপক্ষের নিকট কাজের জন্য দায়ী বা কোনো লোক অন্য কোনো লোকের কাছে কাজের জন্য দায়ী থাকলে সাধারণত 'responsible to' ব্যবহার করা হয়। যেমন– The Director is directly responsible to the president. অপরপক্ষে কোনো কাজের দায়ভার যখন যে কাজ করে তার ওপরই বর্তায়, তখন 'be held responsible for' ব্যবহৃত হয়। যেমন– Sumi is mentally ill and can't be held responsible for her actions. 'liable to' দ্বারা কোনো দায়-দায়িত্বকে বোঝায়। যেমন– We are all liable to make mistakes when we are tired. সুতরাং সঠিক উত্তর হচ্ছে (ক)।*

৩৮. **Through thick and thin' means**
ⓚ under all conditions
ⓛ to make thick and thin
ⓜ not clear in understanding
ⓝ of great density

(ব্যাখ্যা) *'Through thick and thin'-এর অর্থ in spite of all the difficulties বা যা কিছুই ঘটুক না কেন। এবার নিম্নোক্ত optionগুলো লক্ষ্য করি– (ক) under all conditions বলতে 'যে কোনো অবস্থার মধ্যেও বোঝায়। সুতরাং সঠিক উত্তর হবে (ক)।*

৩৯. **'Prior to' means**
ⓚ after ⓛ before
ⓜ immediately ⓝ during the period of

(ব্যাখ্যা) *'Prior to'-এর অর্থ হচ্ছে পূর্ববর্তী, পূর্বতন, পূর্বে, আগে ইত্যাদি। এবার দেখা যাক, নিম্নোক্ত option-গুলোর কোনটির সাথে মিল রয়েছে– 'after'-এর অর্থ 'পরে', 'পরবর্তীকালে', 'পশ্চাতে' ইত্যাদি। 'before'-এর অর্থ– 'অগ্রবর্তী', সম্মুখে, ইত্যাদি। 'immediately' বলতে বোঝায়– 'অবিলম্বে', 'তাৎক্ষণিক' এবং 'during the period' বলতে বোঝায় নির্দিষ্ট সময়ের মধ্যে। সুতরাং মূল 'prior to' শব্দের সাথে সবচেয়ে বেশি মিল রয়েছে (খ)-তে।*

৪০. **Nobody knocked him down; it was an—**
ⓚ incident ⓛ occurrence
ⓜ accident ⓝ event

(ব্যাখ্যা) *কেউ তাকে 'knock down' করতে পারেনি। এটি আসলেই একটি অপ্রত্যাশিত বা অভাবিত ঘটনা (accident) তাই গ-ই সঠিক সাধারণ কোনো ঘটনা (event) বা আনুষঙ্গিক (occurrence) বিষয় নয়। এটি কোনো অনু ঘটনা, উপঘটনা বা কাহিনী (incident) নয়। কারণ একজন মুষ্টিযোদ্ধার জীবনের কোনো না কোনো ক্ষেত্রে 'knock down' হওয়ার স্বাভাবিক-এর ব্যতিক্রম ঘটলেই এটি অপ্রত্যাশিত বা অস্বাভাবিক ঘটনা (accident) হিসেবে পরিগণিত হয়। অতএব সঠিক উত্তর (গ)।*

৪১. $১^{২} + ২^{২} + ৩^{২} + ......... + ৫০^{২} =$ কত?
ⓚ ৩৫৭২৫ ⓛ ৪২৯২৫
ⓜ ৪৫৫০০ ⓝ ৪৭২২৫

(ব্যাখ্যা) $\frac{n(n+1)(2n+1)}{6} = \frac{৫০ \times ৫১ \times ১০১}{৬} = ৪২৯২৫$

৪২. **৪ টাকায় ৫টি করে কিনে ৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?**
ⓚ ৪৫% ⓛ ৪৮.৫০%
ⓜ ৫২.৭৫% ⓝ ৫৬.২৫%

(ব্যাখ্যা) *৪ ও ৫ এর ল.সা.গু. = ২০*
২০টির ক্রয়মূল্য = ১৬ টাকা
২০টির বিক্রয়মূল্য = ২৫ টাকা
লাভ = (২৫ – ১৬) = ৯ টাকা
১৬ টাকায় লাভ = ৯ টাকা
১ " = $\frac{৯}{১৬}$ "
১০০ " " = $\frac{৯ \times ১০০}{১৬}$ = ৫৬.২৫%

উত্তর

| | |
|---|---|
| ৩৫ | ঘ |
| ৩৬ | খ |
| ৩৭ | ক |
| ৩৮ | ক |
| ৩৯ | খ |
| ৪০ | গ |
| ৪১ | খ |
| ৪২ | ঘ |

www.boighar.com

৪৩. এক ব্যবসায়ী একটি পণ্যের মূল্য ২৫% বাড়ালো, অতঃপর বর্ধিত মূল্য থেকে ২৫% কমালো। সর্বশেষ মূল্য সর্বপ্রথম মূল্যের তুলনায়—

ⓚ ৪৫% কমানো হয়েছে ⓚ ৬.২৫% কমানো হয়েছে
ⓖ ৫% বাড়ানো হয়েছে ⓖ ৬.২৫% বাড়ানো হয়েছে

(ব্যাখ্যা) *ধরি, পণ্যের মূল্য = ১০০ টাকা*

*২৫% বাড়ানোর পরে = ১২৫ টাকা*

*বর্ধিত মূল্য থেকে ২৫% কমালে*

*১০০ টাকায় কমে = ২৫ টাকা*

*১ " = $\frac{২৫}{১০০}$ "*

*১২৫ " = $\frac{২৫ \times ১২৫}{১০০}$ = ৩১.২৫ টাকা*

*মূল্য কমেছে = (৩১.২৫ − ২৫) = ৬.২৫%।*

৪৪. যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে, অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?

ⓚ ৭ ⓚ ৯ ⓖ ১০ ⓖ ১২

(ব্যাখ্যা) *৩ জন অতিরিক্ত অর্থাৎ (৯ + ৩) = ১২ জন*

*৯ জন করে = ১২ দিনে*

*১ " = ১২ × ৯ "*

*১২" = $\frac{১২ \times ৯}{১২}$ = ৯ দিন*

৪৫. শিক্ষা সফরে যাওয়ার জন্য ২৪০০ টাকায় বাস ভাড়া করা হলো এবং প্রত্যেক ছাত্র/ছাত্রী সমান ভাড়া বহন করবে ঠিক হলো। অতিরিক্ত ১০ জন ছাত্র/ছাত্রী যাওয়ায় প্রতি জনের ভাড়া ৮ টাকা কমে গেল। বাসে কতজন ছাত্র/ছাত্রী গিয়েছিল?

ⓚ ৪০ ⓚ ৪৮ ⓖ ৫০ ⓖ ৬০

(ব্যাখ্যা) *ধরি, প্রথমে ছাত্রছাত্রীর সংখ্যা ছিল = x*

*∴ মাথাপিছু ভাড়া = $\frac{২৪০০}{x}$*

*১০ জন বেশি যাওয়ায় সংখ্যা হলো = x + ১০*

*∴ মাথাপিছু ভাড়া = $\frac{২৪০০}{x + ১০}$*

*প্রশ্নানুসারে, $\frac{২৪০০}{x} - \frac{২৪০০}{x + ১০}$ = ৮*

*⇒ $\frac{৩০০}{x} - \frac{৩০০}{x + ১০}$ = ১*

*⇒ $\frac{৩০০x + ৩০০০ - ৩০০x}{x(x + ১০)}$ = ১*

*⇒ $x^2$ + ১০x − ৩০০০ = ০*

*⇒ $x^2$ + ৬০x − ৫০x − ৩০০০ = ০*

*⇒ x(x + ৬০) − ৫০(x + ৬০) = ০*

*⇒ (x + ৬০) (x − ৫০) = ০*

*⇒ x = ৫০*

*ছাত্রছাত্রী গিয়েছিল = (৫০ + ১০) = ৬০ জন।*

৪৬. পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৭ বছর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স কত?

ⓚ ৩৮ বছর ⓚ ৪১ বছর ⓖ ৪৫ বছর ⓖ ৪৮ বছর

(ব্যাখ্যা) *পিতা, মাতা ও পুত্রের মোট বয়স = (৩৭ × ৩) = ১১১ বছর*

*পিতা ও পুত্রের মোট বয়স = (৩৫ × ২) বছর = ৭০ বছর*

*মাতার বয়স = (১১১ − ৭০) বছর = ৪১ বছর*

৪৭. যদি $(x - y)^2 = 14$ এবং $xy = 2$ হয় তবে $x^2 + y^2 =$ কত?

ⓚ 12 ⓚ 14 ⓖ 16 ⓖ 18

(ব্যাখ্যা) $x^2 + y^2 = (x - y)^2 + 2xy = 14 + 2 \times 2 = 18$

৪৮. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

ⓚ ৪ ⓚ ৯ ⓖ ১২ ⓖ ১৬

(ব্যাখ্যা) *ধরি, ব্যাস = ২x*

*ব্যাসার্ধ (r) = x ক্ষেত্রফল = $\pi x^2$*

*ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে, ব্যাস = ৬x, r = ৩x*

*ক্ষেত্রফল = π(৩x)² = ৯$\pi x^2$*

৪৯. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২ সেমি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ⓚ ৩৬ ⓚ ৪৮ ⓖ ৫৬ ⓖ ৭২

(ব্যাখ্যা) *ধরি, সমদ্বিবাহুর দৈর্ঘ্য = x*

*তাহলে পিথাগোরাসের সূত্র অনুযায়ী = ২x² = ১২²*

*⇒ x² = ৭২ (উচ্চতা = x, ভূমি = x)*

*ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × bh = $\frac{১}{২}$ × ৭২ = ৩৬ ব. সে.মি*

৫০. ৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর হবে

ⓚ ৮ ⓚ ১২ ⓖ ১৮ ⓖ ১৪০

(ব্যাখ্যা) *৬০ ও ৮০ এর মধ্যে সর্বনিম্ন ও সর্বোচ্চ মৌলিক সংখ্যা হচ্ছে যথাক্রমে ৬১ ও ৭৯।*

*এ দুটি সংখ্যার অন্তর হবে (৭৯ − ৬১) = ১৮।*

৫১. NIPORT কি?

ⓚ জনসংখ্যা বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান
ⓚ পোলট্রি ফার্ম বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান
ⓖ নদীবন্দর বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান
ⓖ বন্দর বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান

(ব্যাখ্যা) *NIPORT জনসংখ্যা বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান। ১৯৭৭ সালে মধ্যম পর্যায়ে প্রোগ্রাম ম্যানেজার বা কর্মসূচি ব্যবস্থাপকদের প্রশিক্ষণদানের জন্য 'ন্যাশনাল ইনস্টিটিউট অব পপুলেশন ট্রেনিং' (NIPOT) স্থাপন করা হয়। পরে এ সংস্থাটিকে আরও সম্প্রসারণ করা হয় এবং এর নতুন নাম করা হয় 'ন্যাশনাল ইনস্টিটিউট অব পপুলেশন রিসার্চ অ্যান্ড ট্রেনিং' (NIPORT)।*

৫২. সংবিধানের কোন অনুচ্ছেদে 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন' বলা আছে?

ⓚ ১০ নং অনুচ্ছেদে ⓚ ২১ (২) নং অনুচ্ছেদে
ⓖ ২৭ নং অনুচ্ছেদে ⓖ ২৮ (২) নং অনুচ্ছেদে

(ব্যাখ্যা) *গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগে মৌলিক অধিকার অংশের ২৮ (২) নং অনুচ্ছেদে বলা হয়েছে 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমঅধিকার লাভ করিবেন।'*

**উত্তর**

| | |
|---|---|
| ৪৩ | খ |
| ৪৪ | খ |
| ৪৫ | ঘ |
| ৪৬ | খ |
| ৪৭ | ঘ |
| ৪৮ | খ |
| ৪৯ | ক |
| ৫০ | গ |
| ৫১ | ক |
| ৫২ | ঘ |

www.boighar.com

 Boighar.com

৫৩. UNDP রিপোর্ট সেপ্টেম্বর ২০০৫ সাল মোতাবেক বাংলাদেশের মাথাপিছু আয় কত?
ক) ৪৪৪ ডলার খ) ৭৭০ ডলার
গ) ১০৭০ ডলার ঘ) ১৭৭০ ডলার

(ব্যাখ্যা) *৭ সেপ্টেম্বর, ২০০৫ UNDP প্রকাশিত মানব উন্নয়ন রিপোর্ট অনুযায়ী বাংলাদেশের মাথাপিছু আয় ১৭৭০ মার্কিন ডলার। UNDP প্রকাশিত ২০১৮ সালের রিপোর্টে বাংলাদেশের মাথাপিছু আয় ৩,৬৭৭ মার্কিন ডলার।*

৫৪. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' উপাধি লাভ করে কতজন?
ক) ৭ জন খ) ৬৮ জন গ) ১৭৫ জন ঘ) ৪২৬ জন

(ব্যাখ্যা) *বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অবদান রাখার জন্য মোট ৬৭৬ জনকে বীরত্বসূচক উপাধি প্রদান করা হয়। এর মধ্যে ৭ জনকে বীরশ্রেষ্ঠ, ৬৮ জনকে বীরউত্তম, ১৭৫ জনকে বীরবিক্রম এবং ৪২৬ জনকে বীরপ্রতীক উপাধি প্রদান করা হয়। ৪২৬ জন বীরপ্রতীকের মধ্যে ক্যাপ্টেন সিতারা বেগম (সেনাবাহিনী, ২ নং সেক্টর) এবং মোসাম্মৎ তারামন বেগম (গণবাহিনী, ১১ নং সেক্টর) এ দুজন হলেন নারী বীরপ্রতীক।*

৫৫. বাংলাদেশের ইক্ষু গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
ক) দিনাজপুর খ) গোপালপুর
গ) পাকশী ঘ) ঈশ্বরদী

(ব্যাখ্যা) *পাবনা জেলার ঈশ্বরদীতে 'বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট' অবস্থিত। ১৯৩১ সালে ঢাকায় প্রতিষ্ঠিত হয়েছিল 'ইক্ষু চারা পরীক্ষা কেন্দ্র' নামে একটি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি বর্তমানে একটি জাতীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান যার বর্তমান নাম 'বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট'।*

৫৬. মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল অর্জন করার কথা কোন সময়ে?
ক) ২০১০ সাল খ) ২০১৫ সাল
গ) ২০২০ সাল ঘ) ২০২৫ সাল

(ব্যাখ্যা) *মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল (MDG) ২০০০ সালে অনুষ্ঠিত সহস্রাব্দ উন্নয়ন সম্মেলনে গৃহীত ঐতিহাসিক 'সহস্রাব্দ উন্নয়ন ঘোষণা'। যাতে বিশ্ববাসীর জন্য ২০১৫ সালের মধ্যে অর্জনযোগ্য আটটি লক্ষ্য নির্ধারণ করা হয়। এ লক্ষ্যগুলো হলো ১. চরম দারিদ্র্য ও ক্ষুধা নির্মূলকরণ, ২. সর্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জন, ৩. নারী-পুরুষ সমতা অর্জন ও নারীর ক্ষমতায়নে উৎসাহ দান, ৪. শিশু মৃত্যুর হার হ্রাসকরণ, ৫. মাতৃস্বাস্থ্যের উন্নয়ন, ৬. এইচআইভি/এইডস, ম্যালেরিয়া ও অন্যান্য রোগ নির্মূল, ৭. পরিবেশগত স্থিতিশীলতা নিশ্চিতকরণ, ৮. সার্বিক উন্নয়নের জন্য বিশ্বব্যাপী অংশীদারিত্ব গড়ে তোলা।*

৫৭. রাজারবাগ পুলিশ লাইনে 'দুর্জয়' ভাস্কর্যটির শিল্পী কে?
ক) হামিদুর রহমান খ) মৃণাল হক
গ) শামিম শিকদার ঘ) নভেরা আহমেদ

(ব্যাখ্যা) *'দুর্জয়' ভাস্কর্যটির শিল্পী মৃণাল হক। তার অন্যান্য গুরুত্বপূর্ণ শিল্পকর্ম হচ্ছে মতিঝিল বিমান অফিসের সামনের 'বলাকা' এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের 'গোল্ডেন জুবিলি টাওয়ার'।*

৫৮. চট্টগ্রাম-কক্সবাজার সাবমেরিন কেবলস অপটিক্যাল ফাইবার স্থাপন করার জন্য বাংলাদেশ সরকারকে কত দূরত্বের ব্যয় বহন করতে হবে?
ক) ৭০০ কিমি খ) ৫৭০ কিমি
গ) ৩০০ কিমি ঘ) ১৭০ কিমি

(ব্যাখ্যা) *২৭ মার্চ ২০০৪ দুবাইয়ে বাংলাদেশ সরকার সাবমেরিন ক্যাবলের নির্মাণ ও রক্ষণাবেক্ষণ চুক্তিতে স্বাক্ষর করে। ১৪টি দেশের ১৬টি টেলিকম প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত কনসোর্টিয়াম দক্ষিণ-পূর্ব এশিয়া-মধ্যপ্রাচ্য-পশ্চিম ইউরোপ-৪ (SEA-ME-WE-4)-এর সাথে এ চুক্তির মাধ্যমে বাংলাদেশ প্রবেশ করে তথ্যপ্রযুক্তির সুপার হাইওয়েতে। ফ্রান্সের মার্সাই থেকে সিঙ্গাপুর পর্যন্ত ২২ হাজার কিলোমিটার দীর্ঘ এ সংযোগ লাইনে বাংলাদেশ অংশের দৈর্ঘ্য ১ হাজার ২৪০ কিলোমিটার। বাংলাদেশ কক্সবাজারে এ নেটওয়ার্কের সঙ্গে যুক্ত হয়। ঢাকা ও চট্টগ্রামের মধ্যে ফাইবার অপটিক ক্যাবল সংযোগ রয়েছে। তাই চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত অপটিক্যাল ফাইবার স্থাপনের জন্য ১৭০ কিমি দূরত্বের ব্যয় সরকারকে বহন করতে হয়। ২১ মে ২০০৬ সাবমেরিন ক্যাবল উদ্বোধনের মাধ্যমে বাংলাদেশ তথ্যপ্রযুক্তির এ মহাসরণিতে যুক্ত হয়।*

৫৯. রাজেন্দ্রপুর সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভের নাম কি?
ক) বিজয়স্তম্ভ খ) বিজয়কেতন
গ) স্বাধীনতা সোপান ঘ) রক্ত সোপান

৬০. বাংলাদেশের পোস্টাল একাডেমি কোথায় অবস্থিত?
ক) রাজশাহী খ) ঢাকা গ) চট্টগ্রাম ঘ) খুলনা

(ব্যাখ্যা) *ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ দানের লক্ষ্যে ১৯৮৬ সালে রাজশাহীতে একটি পোস্টাল একাডেমি স্থাপন করা হয়েছে। ডাক বিভাগের পুরনো ঐতিহ্য এবং নিদর্শনসমূহ সংরক্ষণের লক্ষ্যে ৯ সেপ্টেম্বর ১৯৬৬ ঢাকা জিপিওতে একটি পোস্টাল মিউজিয়াম চালু হয়, যা, ১৯৮০ সালের ৩০ জানুয়ারি পূর্ণাঙ্গ পোস্টাল মিউজিয়াম হিসেবে আত্মপ্রকাশ করে।*

৬১. প্রস্তাবিত পদ্মা সেতুর দৈর্ঘ্য কত কিমি?
ক) ৫.০৩ খ) ৬.০৩ গ) ৪.৮ ঘ) ৬.৮

*[Note : প্রস্তাবিত পদ্মা সেতুর দৈর্ঘ্য বাড়িয়ে ৬.১৫ কিলোমিটারে নির্ধারণ করা হয়েছে। এর আগে এ সেতুর দৈর্ঘ্য ছিল ৫.৮ কিলোমিটার। এখন দু'প্রান্তের সংযোগ সড়কসহ এ সেতুর দৈর্ঘ্য হবে ১২.১৬ কিলোমিটার। ২৫ জুন ২০০৯ পদ্মা সেতুর স্কিম ডিজাইন উপস্থাপনকালে কনসালট্যান্ট প্রতিষ্ঠান 'মনসেল এইকম' এ পরিকল্পনার কথা জানায়। ২৯ জানুয়ারি ২০০৯ আনুষ্ঠানিকভাবে পদ্মা সেতুর নির্মাণের প্রক্রিয়া শুরু হয়। গুণগত মানভিত্তিক যাচাই প্রক্রিয়ায় নকশা পরামর্শক হিসেবে নিয়োগ পেয়েছে নিউজিল্যান্ডভিত্তিক মনসেল-এইকম (Maunsell-AECOM)। পদ্মায় ইস্পাতের দোতলা সেতু হবে। উপরে থাকবে চার লেনের সড়ক, নিচে রেল। সেতুর প্রস্থ ১৮.১০ মিটারে (পূর্বে ছিল ২৫ মিটার) নামিয়ে আনা হয়।]*

উত্তর

| | |
|---|---|
| ৫৩ | ঘ |
| ৫৪ | ঘ |
| ৫৫ | ঘ |
| ৫৬ | খ |
| ৫৭ | খ |
| ৫৮ | ঘ |
| ৫৯ | ঘ |
| ৬০ | ক |
| ৬১ | Note |

www.boighar.com

৬২. বাংলাদেশে সর্বপ্রথম কোন মহিলা টেস্টটিউব শিশুর মা হন?
ক) পারভীন ফাতেমা খ) ফিরোজা বেগম
গ) রওশন জাহান ঘ) কানিজ ফাতেমা

ব্যাখ্যা) ৩০ মে ২০০১ ধানমন্ডির সেন্ট্রাল হসপিটালে জন্মলাভ করে হীরা, মণি ও মুক্তা নামে ৩টি টেস্ট টিউব শিশু। এদের বাবা-মা ছিলেন আবু হানিফ ও ফিরোজা বেগম এবং এ প্রকল্পের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ডা. পারভীন ফাতেমা।

৬৩. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?
ক) ১৩৬তম খ) ১৩৭তম গ) ১৩৮তম ঘ) ১৩৯তম

ব্যাখ্যা) বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য। ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ জাতিসংঘের ২৯তম অধিবেশনে ৩টি দেশ সদস্যপদ লাভ করে। এগুলো হচ্ছে– 'বাংলাদেশ', 'গ্রানাডা' এবং 'গিনি বিসাউ'। এর পূর্বে জাতিসংঘের সদস্য দেশ ছিল ১৩৫টি। ১৯৭৪ সালের সদস্যপদ লাভকারী দেশ ৩টি নিয়ে জাতিসংঘের সদস্য সংখ্যা দাড়ায় ১৩৮ টিতে। তবে বর্ণক্রমানুসারে নাম আসায় বাংলাদেশ ১৩৬তম, গ্রানাডা ১৩৭তম এবং গিনি বিসাউ ১৩৮তম সদস্যপদ লাভ করে।

৬৪. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?
ক) তানভীর কবীর খ) হামিদুর রহমান
গ) হামিদুজ্জামান ঘ) অক্কার বাদল

ব্যাখ্যা) ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারির ভাষা শহীদদের স্মরণে ১৯৫২-এর ২৩ ফেব্রুয়ারি প্রথম শহীদ মিনার স্থাপিত হলেও এর স্থায়িত্ব ছিল কম। তারপর হামিদুর রহমানের নকশা ও পরিকল্পনায় ১৯৫৭ সালের নভেম্বর মাসে দ্বিতীয় বারের মতো শহীদ মিনারের নির্মাণ কাজ শুরু হয় এবং ১৯৫৮ সালের ২১ ফেব্রুয়ারি উদ্বোধন করা হয়। এরপর বাংলাদেশ স্বাধীন হওয়ার পর পূর্বের নকশা অনুযায়ী শিল্পী হামিদুর রহমান স্থপতি এম এস জাফরের সঙ্গে মিলিতভাবে স্বাধীন বাংলাদেশে কেন্দ্রীয় শহীদ মিনার পুনর্নির্মাণ করেন।

৬৫. জাতিসংঘ সাধারণ পরিষদের প্রথম বাংলাদেশী সভাপতি কে?
ক) বি এ সিদ্দিকী খ) খাজা ওয়াসিউদ্দিন
গ) হুমায়ুন রশীদ চৌধুরী ঘ) শমসের মবিন চৌধুরী

ব্যাখ্যা) হুমায়ুন রশীদ চৌধুরী জাতিসংঘের সাধারণ পরিষদের ৩৯তম অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। এ সময় সাধারণ পরিষদের বেশ কটি অধিবেশনে তিনি ভাইস প্রেসিডেন্ট হিসেবে সভাপতিত্ব করেন। ১৯৮৬ সালের ১৬ ডিসেম্বর তিনি জাতিসংঘের সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনের সভাপতির দায়িত্ব লাভ করেন।

৬৬. স্বাধীনতা যুদ্ধে অবদান রাখার জন্য কতজন মহিলাকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করা হয়?
ক) ৫ জন খ) ৭ জন গ) ২ জন ঘ) ৬ জন

ব্যাখ্যা) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বসূচক অবদানের জন্য বাংলাদেশ সরকার দুজন মহিলাকে বীরপ্রতীক খেতাবে ভূষিত করে। তারা হচ্ছেন ক্যাপ্টেন সেতারা বেগম (সেনাবাহিনী, ২ নং সেক্টর) এবং মোসাম্মৎ তারামন বেগম (গণবাহিনী, ১১ নং সেক্টর)। ক্যাপ্টেন সেতারা বেগমকে ঐ সময় চিহ্নিত করা হলেও, তারামন বেগমকে দীর্ঘ ২৪ বছর পর ডিসেম্বর ১৯৯৫-এ চিহ্নিত করা হয়। ১৯ ডিসেম্বর ১৯৯৫ তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়া আনুষ্ঠানিকভাবে তারামন বেগমকে বীরপ্রতীক খেতাব প্রদান করেন।

৬৭. কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠিত হয় কোন সনে?
ক) ১৯৯৫ খ) ১৯৯৬ গ) ১৯৯৮ ঘ) ২০০১

ব্যাখ্যা) শিক্ষিত বেকার যুবকদের কর্মসংস্থানের লক্ষ্যে ১৯৯৮ সালের ৩০ জুন প্রতিষ্ঠিত হয় কর্মসংস্থান ব্যাংক। এর সদর দপ্তর ঢাকার মতিঝিলে অবস্থিত। এটি রাষ্ট্র পরিচালিত একটি প্রতিষ্ঠান। এতে রয়েছে ১৫ সদস্যবিশিষ্ট একটি পরিচালনা পরিষদ। চেয়ারম্যান সরকার কর্তৃক নিয়ন্ত্রিত থাকবেন। শেয়ার মালিকরা ৫ জন পরিচালক নির্বাচন করতে পারবেন। ৪০০ কোটি টাকা মূলধন নিয়ে এ ব্যাংক যাত্রা শুরু করে।

৬৮. লোকসংখ্যার দিক থেকে বাংলাদেশ বিশ্বের কততম স্থানে?
ক) ৫ম খ) ৭ম গ) ৮ম ঘ) ১০ম

ব্যাখ্যা) UNFPA-এর জনসংখ্যা বিষয়ক রিপোর্ট ২০০৪ অনুযায়ী বাংলাদেশ বিশ্বের ৭ম জনসংখ্যার দেশ এবং UNFPA-এর জনসংখ্যা রিপোর্ট ২০০৫-এ বাংলাদেশের অবস্থান দাঁড়ায় অষ্টমে। সর্বশেষ ২০১৮ সালের UNFPA রিপোর্ট মতে বাংলাদেশ বিশ্বের অষ্টম জনসংখ্যার দেশ।

৬৯. সেন্ট মার্টিন দ্বীপের আয়তন কত বর্গ কিলোমিটার?
ক) ৮ খ) ১০ গ) ১২ ঘ) ১৪

ব্যাখ্যা) বঙ্গোপসাগরের উত্তর-পূর্বাংশে অবস্থিত বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্ট মার্টিনের আয়তন ৮ বর্গকিমি। দ্বীপটির স্থানীয় নাম 'নারিকেল জিঞ্জিরা'।

৭০. বাংলাদেশে পরমাণু শক্তি কমিশন গঠিত হয় কোন সনে?
ক) ১৯৭২ খ) ১৯৭৩ গ) ১৯৭৫ ঘ) ১৯৯৭

ব্যাখ্যা) বাংলাদেশের একমাত্র পরমাণু শক্তি গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠান ১৯৭৩ সালের ২৭ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত হয়।

৭১. কোন ইঞ্জিনে কার্বুরেটর থাকে?
ক) পেট্রোল ইঞ্জিনে খ) ডিজেল ইঞ্জিনে
গ) রকেট ইঞ্জিনে ঘ) বিমান ইঞ্জিনে

ব্যাখ্যা) মোটর গাড়ির যে প্রকোষ্ঠে বায়ু ও পেট্রোল মিশ্রিত করা হয় তাই হলো কার্বুরেটর। বায়ু ও পেট্রোলের মিশ্রণ তৈরি হওয়ার পরে এটিকে দহন প্রকোষ্ঠে পাঠিয়ে দেয়া হয়। সব ইঞ্জিনে কার্বুরেটর থাকে না। শুধু পেট্রোল ইঞ্জিনে ৩টি থাকে।

৭২. সর্বাপেক্ষা ছোট তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ হচ্ছে—
ক) আলফা রশ্মি খ) বিটা রশ্মি
গ) গামা রশ্মি ঘ) রঞ্জন রশ্মি

ব্যাখ্যা) তরঙ্গের মধ্যে সমদশায় কম্পনশীল দুটি কণিকার ন্যূনতম দূরত্ব হলো তরঙ্গদৈর্ঘ্য। তেজস্ক্রিয় পদার্থ থেকে উচ্চভেদন ক্ষমতাসম্পন্ন আলফা, বিটা ও গামা রশ্মি বিকিরিত হয়। এদের মধ্যে আলফা ও বিটা রশ্মি হচ্ছে মূলত যথাক্রমে ধনাত্মক ও ঋণাত্মক চার্জযুক্ত কণা, কোনো তরঙ্গ নয়; ফলে এদের কোনো তরঙ্গ দৈর্ঘ্য নেই। অপরদিকে গামা রশ্মি হচ্ছে তড়িৎ চৌম্বক তরঙ্গ যার তরঙ্গ দৈর্ঘ্য $10^{-11}$ মিটারের কম।

উত্তর

| | |
|---|---|
| ৬২ | খ |
| ৬৩ | ক |
| ৬৪ | খ |
| ৬৫ | গ |
| ৬৬ | গ |
| ৬৭ | গ |
| ৬৮ | গ |
| ৬৯ | ক |
| ৭০ | খ |
| ৭১ | ক |
| ৭২ | গ |

*আবার রঞ্জন রশ্মিও এক ধরনের তড়িত চৌম্বক তরঙ্গ এবং এর তরঙ্গ দৈর্ঘ্য $10^{-11}$ মিটার থেকে $10^{-8}$ মিটারের মধ্যে, যা গামা রশ্মির তরঙ্গ দৈর্ঘ্যের তুলনায় বেশি।*

**৭৩. মানুষের হৃৎপিণ্ডে কতটি প্রকোষ্ঠ থাকে?**

ⓚ দুটি ⓚh চারটি
ⓖ ছয়টি ⓖh আটটি

(ব্যাখ্যা) *মানুষের হৃৎপিণ্ড সম্পূর্ণভাবে চারটি প্রকোষ্ঠে বিভক্ত। উপরের দুটি পাতলা প্রাচীরযুক্ত ডান ও বাম অলিন্দ এবং নিচের দুটি পুরু প্রাচীরযুক্ত ডান ও বাম নিলয়।*

**৭৪. প্রেসার কুকারে রান্না তাড়াতাড়ি হয়, কারণ—**

ⓚ রান্নার জন্য শুধু তাপ নয় চাপও কাজে লাগে
ⓚh বদ্ধ পাত্রে তাপ সংরক্ষিত হয়
ⓖ উচ্চচাপে তরলের স্ফুটনাংক বৃদ্ধি পায়
ⓖh সঞ্চিত বাষ্পের তাপ রান্নার সহায়ক

(ব্যাখ্যা) *প্রেসার কুকারে রান্না তাড়াতাড়ি হওয়ার কারণ উচ্চচাপ প্রয়োগে তরলের স্ফুটনাংক বৃদ্ধি পায়। প্রেসার কুকারে বাষ্পের বহির্গমন নিয়ন্ত্রণ করার মাধ্যমে অভ্যন্তরীণ চাপ বৃদ্ধির ফলে পানির স্ফুটনাঙ্ক বৃদ্ধি পেয়ে ১৩০° সেন্টিগ্রেড পর্যন্ত পৌঁছে। এ কারণে প্রেসার কুকারে রান্না তাড়াতাড়ি হয়।*

**৭৫. বিলিরুবিন তৈরি হয়—**

ⓚ পিত্তথলিতে ⓚh কিডনীতে
ⓖ প্লীহায় ⓖh যকৃতে

(ব্যাখ্যা) *বিলিরুবিন হচ্ছে পিত্তরসের কমলা রঙের প্রধান রঞ্জক পদার্থ। হিমোগ্লোবিনের প্রধান দুটি উপাদান— প্রোটিন অংশ গ্লোবিন ও লৌহযুক্ত অংশ হিম (heme)। হিম ভেঙে শেষ পর্যন্ত বিলিরুবিনে পরিণত হয়। পিত্তের বর্ণের জন্য দায়ী বিলিরুবিন। বিলিরুবিন তৈরি হয় প্লীহায়। রক্তে বিলিরুবিনের স্বাভাবিক মাত্রা ০.২-০.৮ মিগ্রাম/ডেসিলিটার। রক্তে বিলিরুবিনের মাত্রা বেড়ে যাওয়াকে জন্ডিস বা পাণ্ডুরোগ বলে।*

**৭৬. মানুষের গায়ের রং কোন উপাদানের উপর নির্ভর করে?**

ⓚ মেলানিন ⓚh থায়ামিন
ⓖ ক্যারোটিন ⓖh হিমোগ্লোবিন

(ব্যাখ্যা) *মানুষের ত্বকে দুটি স্তর আছে। এর বাইরেরটি বহিঃত্বক বা 'এপিডারমিস' এবং ভেতরেরটিকে বলে অন্তঃত্বক বা 'ডারমিস'। বহিঃত্বককে আবার কয়েকটি স্তরে ভাগ করা যায়। এর মধ্যে সবচেয়ে ভেতরেরটির নাম 'স্ট্র্যাটাম বেসাল' (Stratum basale)। এ স্তরে কতগুলো বিশেষ ধরনের কোষ আছে— এদের বলে 'মেলানোসাইট' (Melanocyte)। মেলানোসাইটগুলোর মধ্যে আছে রঞ্জক কণা 'মেলানিন'। গাঢ় রঙের এই কণাগুলোই ত্বকের কালো রঙের জন্য দায়ী। যাদের ত্বকে মেলানিনের পরিমাণ খুব বেশি তাদের গায়ের রং কালো। ত্বকে মেলানিনের পরিমাণ কম থাকলে গায়ের রং ফর্সা হয়।*

**৭৭. বাদুড় অন্ধকারে চলাফেরা করে কিভাবে?**

ⓚ তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন চোখের সাহায্যে
ⓚh ক্রমাগত শব্দ উৎপন্নের মাধ্যমে অবস্থান নির্ণয় করে
ⓖ সৃষ্ট শব্দের প্রতিধ্বনি শুনে ⓖh অলৌকিকভাবে

(ব্যাখ্যা) *উচ্চ কম্পাঙ্কের শব্দোত্তর তরঙ্গ সৃষ্টি করে তার প্রতিধ্বনির মাধ্যমে বাদুড় পথ চলে। বাদুড় চলার সময় ক্রমাগত উচ্চ কম্পাঙ্কের শব্দোত্তর তরঙ্গ সৃষ্টি করে এবং সেই শব্দ এটির সামনের বস্তু থেকে প্রতিফলিত হয়ে বাদুড়ের কানে ফিরে আসে। সৃষ্ট শব্দোত্তর তরঙ্গ ও প্রতিধ্বনি শোনার মধ্যবর্তী সময়ের ব্যবধান এবং প্রতিফলিত শব্দের প্রকৃতি থেকে বাদুড় সহজেই প্রতিবন্ধকের অবস্থান ও আকৃতি সম্বন্ধে ধারণা করতে পারে। ফলে পথ চলার সময় বাদুড় সেই প্রতিবন্ধকতা পরিহার করে।*

**৭৮. গাছের খাদ্য তালিকায় আছে**

ⓚ N, P, K, S ও Zn ⓚh Na, P, K, S ও Zn
ⓖ N, B, K, S ও Al ⓖh N, P, K, S ও Al

(ব্যাখ্যা) *১৮৬০ খ্রিষ্টাব্দে ম্যাক্স এবং নপ পরীক্ষায় দেখান যে, উদ্ভিদের সার্বিক বৃদ্ধির প্রয়োজনে দশটি খনিজ উপাদান বিশেষ দরকারি। এগুলো হচ্ছে– কার্বন (C), হাইড্রোজেন (H), অক্সিজেন (O), নাইট্রোজেন (N), ফসফরাস (P), পটাশিয়াম (K), ক্যালসিয়াম (Ca), সালফার (S), ম্যাগনেসিয়াম (Mg) এবং লোহা (Fe)। উপরোক্ত প্রশ্নের (ক) তালিকায় সবগুলোই এই দশ প্রকার খনিজের মধ্যে রয়েছে। সুতরাং সঠিক উত্তর (ক)।*

**৭৯. নিচের কোনটি DNA-এর নাইট্রোজেন বেস?**

ⓚ ইউরাসিল ⓚh গোয়ানিন
ⓖ পিরিডক্সিন ⓖh অ্যাসপারাজিন

(ব্যাখ্যা) *DNA অণুতে চার প্রকারের নিউক্লিওটাইড দেখা যায়। নাইট্রোজেনযুক্ত ক্ষারের বিভিন্নতার জন্যই বিভিন্ন প্রকারের নিউক্লিওটাইড গঠিত হয়। কারণ সকল প্রকার নিউক্লিওটাইডে একই প্রকারের শর্করা ও ফসফট অণু উপস্থিত থাকে। DNA-তে উপস্থিত নাইট্রোজেনযুক্ত ক্ষারগুলো হলো— 'অ্যাডিনিন', 'গুয়ানিন', 'সাইটোসিন' ও 'থায়মিন'।*

**৮০. নিচের কোনটি পরমাণুর নিউক্লিয়াসে থাকে না?**

ⓚ meson ⓚh neutron
ⓖ proton ⓖh electron

(ব্যাখ্যা) *পদার্থের পরমাণুর কেন্দ্রে রয়েছে নিউক্লিয়াস। নিউক্লিয়াস গঠিত হয় প্রোটন (proton) এবং নিউট্রনের (netron) সমন্বয়ে। ইলেকট্রন, নিউট্রন ও প্রোটনকে কেন্দ্র করে ঘুরতে থাকে। প্রোটনের চার্জ পজেটিভ এবং ইলেকট্রনের চার্জ নেগেটিভ। একটি পরমাণুতে ইলেকট্রন ও প্রোটন সংখ্যা সমান থাকে এবং এজন্য পরমাণু চার্জ নিরপেক্ষ হয়। অপরপক্ষে মেসন (Meson) এক ধরনের অস্থিত মৌলিক কণিকা যা কসমিক রশ্মিতে এবং পরমাণু কেন্দ্রের বিভাজনে পাওয়া যায়।*

উত্তর

| | |
|---|---|
| ৭৩ | খ |
| ৭৪ | গ |
| ৭৫ | গ |
| ৭৬ | ক |
| ৭৭ | গ |
| ৭৮ | ক |
| ৭৯ | খ |
| ৮০ | ঘ |

www.boighar.com
visionapps10

৮১. ২০০৫ সালে যুক্তরাষ্ট্রের দক্ষিণ বা দক্ষিণ-পশ্চিম অঞ্চলে সর্বপ্রথম কোন হারিকেনটি আঘাত হানে?
ⓚ ডেনিস ⓚ্খ ক্যাটরিনা
ⓖ আইভান ⓘ রিটা

(ব্যাখ্যা) ২০০৫ সালের ২৯ আগস্ট যুক্তরাষ্ট্রের সমুদ্র উপকূলবর্তী অঙ্গরাজ্য লুইজিয়ানার 'গ্র্যান্ড ইল' এলাকায় প্রথম আঘাত হানে ঘূর্ণিঝড় 'ক্যাটরিনা'।

৮২. কোন দেশটি স্ক্যানডিনেভিয়ার অন্তর্ভুক্ত নয়?
ⓚ ডেনমার্ক ⓚ্খ ফিনল্যান্ড
ⓖ নেদারল্যান্ডস ⓘ যুক্তরাষ্ট্র

(ব্যাখ্যা) 'স্ক্যান্ডিনেভিয়া' হচ্ছে ইউরোপ মহাদেশের উত্তরাঞ্চলের একটি এলাকার নাম। স্ক্যান্ডিনেভিয়া বলতে ৫টি দেশ বুঝায়। এগুলো হচ্ছে ডেনমার্ক, ফিনল্যান্ড, আইসল্যান্ড, নরওয়ে এবং সুইডেন।

৮৩. মুসলমান প্রধান না হয়েও কোন দেশটি ইসলামী সহযোগিতা সংস্থার সদস্য?
ⓚ নাইজেরিয়া ⓚ্খ লেবানন
ⓖ নাইজারনুমো ⓘ উগান্ডা

(ব্যাখ্যা) ওআইসি (Organisation of Islamic Cooperation) মূলত মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের সংগঠন। উপরিউক্ত দেশগুলোর মধ্যে মুসলমানদের সংখ্যা নাইজেরিয়ায় ৬৪%, লেবাননে ৫৭%, নাইজারে ৯৭% এবং উগান্ডায় ৩৬%।

৮৪. কিউবায় ক্ষেপণাস্ত্র সঙ্কটের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কে ছিলেন?
ⓚ রিচার্ড এম নিক্সন ⓚ্খ জন এফ কেনেডি
ⓖ লিন্ডন বেইনস জনসন ⓘ হ্যারি এস ট্রুম্যান

(ব্যাখ্যা) জন এফ কেনেডি ডেমোক্র্যাট দল থেকে নির্বাচিত যুক্তরাষ্ট্রের ৩৫তম প্রেসিডেন্ট। তিনি আন্তর্জাতিক ক্ষেত্রে সবচেয়ে বড় সঙ্কট মোকাবিলা করেন ১৯৬২ সালের কিউবার ক্ষেপণাস্ত্র সংকট। কিউবায় সাবেক সোভিয়েত ইউনিয়ন ক্ষেপণাস্ত্র মোতায়েন করলে এই সঙ্কটের সৃষ্টি হয়।

৮৫. মার্কিন যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্ট ১২ বছর ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন?
ⓚ হ্যারি এস ট্রুম্যান ⓚ্খ ফ্রাঙ্কলিন রুজভেল্ট
ⓖ জেমস মনরো ⓘ তথ্যটি সঠিক নয়

(ব্যাখ্যা) যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি সময় ক্ষমতায় ছিলেন ডেমোক্র্যাট দল থেকে নির্বাচিত ৩২তম প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট। তিনি তিন মেয়াদে ১৯৩৩ থেকে ১৯৪৫ পর্যন্ত ১২ বছর ক্ষমতায় ছিলেন। তার সময়েই শুরু হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধ। হ্যারি এস ট্রুম্যান ডেমোক্র্যাট দল থেকে নির্বাচিত যুক্তরাষ্ট্রের ৩৩তম প্রেসিডেন্ট। তিনি ক্ষমতায় ছিলেন ১৯৪৫-১৯৫৩ সাল পর্যন্ত ২ মেয়াদে ৮ বছর। তার আদেশেই হিরোশিমা ও নাগাসাকিতে পারমাণবিক হামলা চালানো হয়।

৮৬. ভারতীয় লোকসভার নির্বাচিত সদস্য সংখ্যা কত?
ⓚ ৫৪৩ ⓚ্খ ৫৪৫
ⓖ ৪১৪ ⓘ ৫৫০

(ব্যাখ্যা) দ্বি-কক্ষ বিশিষ্ট ভারতীয় কেন্দ্রীয় পার্লামেন্টের নিম্নকক্ষের নাম লোকসভা। ভারতের সংবিধান অনুযায়ী লোকসভার আসন সংখ্যা হতে পারবে সর্বোচ্চ ৫৫২। তবে বর্তমান লোকসভার সদস্য সংখ্যা ৫৪৫। এর মধ্যে নির্বাচিত সদস্য সংখ্যা ৫৪৩ এবং অ্যাংলো-ইন্ডিয়ানদের জন্য সংরক্ষিত ২টি আসনে রাষ্ট্রপতির মনোনীত অ্যাংলো-ইন্ডিয়ান প্রার্থী প্রতিনিধিত্ব করেন।

৮৭. কোন দেশের মহিলারা সর্বপ্রথম ভোটাধিকার লাভ করে?
ⓚ মার্কিন যুক্তরাষ্ট্র ⓚ্খ নিউজিল্যান্ড
ⓖ বাহামা ⓘ সুইজারল্যান্ড

(ব্যাখ্যা) বিশ্বের প্রথম দেশ হিসেবে ১৮৯৩ সালে নিউজিল্যান্ডে নারীর ভোটাধিকার স্বীকৃত হয়। ভোটাধিকার প্রাপ্তির শতবর্ষ উদযাপন উপলক্ষে এ দেশে ১৯৯৩ সালে রাজনৈতিক দলে নেতৃত্বের আনুপাতিক আইন পাস হয়। এই আইনে নিউজিল্যান্ডে পার্লামেন্টে নারীর ৩০ ভাগ আসন নিশ্চিত করা হয়। যুক্তরাষ্ট্রে মহিলারা ভোটাধিকার লাভ করে ১৯২০ সালে।

৮৮. রাসায়নিক অস্ত্র চুক্তি নুমো (Chemical Weapons Convention) কোন সালে স্বাক্ষরিত হয়?
ⓚ ১৯৯০ ⓚ্খ ১৯৯৩
ⓖ ১৯৯৬ ⓘ ১৯৯৯

(ব্যাখ্যা) ১৯৯৩ সালে রাসায়নিক অস্ত্র কনভেনশন (Chemical Weapons Convention) স্বাক্ষরিত হয়। এ চুক্তিতে রাসায়নিক অস্ত্রের উন্নয়ন, উৎপাদন, মজুদ ও ব্যবহার নিষিদ্ধ করা ও এসব ধ্বংস করার ব্যবস্থা রয়েছে। এই চুক্তি ১৯৯৭ সাল থেকে কার্যকর করা হয়েছে।

৮৯. কোন পরিষদের সুপারিশক্রমে জাতিসংঘে নতুন সদস্য গ্রহণ করা হয়?
ⓚ অছি পরিষদ ⓚ্খ সাধারণ পরিষদ
ⓖ নিরাপত্তা পরিষদ
ⓘ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

(ব্যাখ্যা) জাতিসংঘের নতুন সদস্য গ্রহণ করা হয় সাধারণ পরিষদের সদস্যদের ভোটের মাধ্যমে। তবে চূড়ান্তভাবে সদস্য গ্রহণের পূর্বে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সুপারিশের প্রয়োজন হয়।

৯০. কোন মুসলিম মনীষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান?
ⓚ ইয়াসির আরাফাত ⓚ্খ নাগীব মাহফুজ
ⓖ আনোয়ার সাদাত ⓘ প্রফেসর আব্দুস সালাম

(ব্যাখ্যা) ১৯৭৮ সালে মিশরের প্রেসিডেন্ট আনোয়ার সাদাত প্রথম মুসলিম হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। পাকিস্তানের প্রফেসর আবদুস সালাম পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পান ১৯৭৯ সালে। মিসরের নাগীব মাহফুজ সাহিত্যে ১৯৮৮ সালে এবং ফিলিস্তিনের প্রেসিডেন্ট ইয়াসির আরাফাত ১৯৯৪ সালে শান্তিতে এই পুরস্কার লাভ করেন।

৯১. বাদশা ফাহাদের পর সৌদি বাদশা কে হন?
ⓚ খালেদ ⓚ্খ ফয়সাল
ⓖ আব্দুল আজিজ ⓘ আবদুল্লাহ

উত্তর

| | |
|---|---|
| ৮১ | খ |
| ৮২ | গ, ঘ |
| ৮৩ | ঘ |
| ৮৪ | খ |
| ৮৫ | খ |
| ৮৬ | ক |
| ৮৭ | খ |
| ৮৮ | খ |
| ৮৯ | গ |
| ৯০ | গ |
| ৯১ | ঘ |

(ব্যাখ্যা) ১ আগস্ট, ২০০৫ বাদশা ফাহাদ বিন আবদুল আজিজের মৃত্যুর পর নতুন বাদশা হন তার বৈমাত্রেয় ভাই যুবরাজ আবদুল্লাহ বিন আবদুল আজিজ এবং নতুন ক্রাউন প্রিন্স মনোনীত হন প্রয়াত বাদশার আপন ভাই ও প্রতিরক্ষা মন্ত্রী সুলতান বিন আবদুল আজিজ। উল্লেখ্য, বাদশাহ আবদুল্লাহ (২৩ জানুয়ারি ২০১৫) মারা যাওয়ার পর নতুন বাদশাহ হিসেবে সিংহাসনে বসেন সালমান বিন আবদুল আজিজ।

৯২. অক্সফাম (Oxfam)-এর সদর দপ্তর কোথায়?
ⓚ নিউইয়র্ক ⓚ ক্যামেনিস্ক
ⓖ লন্ডন ⓖ হেগ

(ব্যাখ্যা) অক্সফাম (Oxfam) ব্রিটেনের বিখ্যাত আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী দাতব্য সংস্থা। ১৯৪২ সালে প্রতিষ্ঠিত সংস্থাটির সদর দপ্তর লন্ডনে অবস্থিত।

৯৩. কোনটি বিংশ শতাব্দীর শেষভাগে উপনিবেশবাদের নিগড় থেকে মুক্ত হয়?
ⓚ হংকং ⓚ শ্রীলংকা
ⓖ ম্যাকাউ ⓖ বাংলাদেশ

(ব্যাখ্যা) বিংশ শতাব্দীর শেষভাগে পর্তুগালের উপনিবেশ 'ম্যাকাউ' ১৯৯৯ সালের ১৯ ডিসেম্বর মধ্য রাতে চীনের কাছে হস্তান্তর করে এবং ২০ ডিসেম্বর থেকে ম্যাকাউর ওপর চীনের পূর্ণ কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। ব্রিটিশ উপনিবেশ হংকং চীনের কাছে হস্তান্তর করা হয় ১৯৯৭ সালের ৩০ জুন মধ্যরাতে।

৯৪. নিচের কোন চুক্তিটি যুক্তরাষ্ট্রের সিনেটে অনুমোদিত হয়নি?
ⓚ এবিএম চুক্তি (ABM) ⓚ সল্ট-১ চুক্তি (SALT-1)
ⓖ সল্ট-২ চুক্তি (SALT-2) ⓖ স্টার্ট-২ চুক্তি (START-2)

(ব্যাখ্যা) ABM Treaty (Anti Ballistic Missile) ১৯৭২ সালের ৩ আগস্ট মার্কিন সিনেটে অনুমোদিত হয়। SALT-1 (Strategic Arms Limitation Talks) ৩০ সেপ্টেম্বর ১৯৭২ মার্কিন সিনেটে অনুমোদন লাভ করে। ১৮ জুন ১৯৭৯ মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টার ও সোভিয়েত প্রেসিডেন্ট লিওনিদ ব্রেজনভের মধ্যে স্বাক্ষরিত SALT-2 চুক্তিটি মার্কিন সিনেটে অনুমোদন লাভ করেনি। START-2 (Strategic Arms Reduction Treaty) চুক্তি মার্কিন সিনেটে অনুমোদিত হয় ২৬ সেপ্টেম্বর ১৯৯৭।

৯৫. Amnesty International কত সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছিল?
ⓚ ১৯৭৭ ⓚ ১৯৭৮
ⓖ ১৯৭৯ ⓖ ১৯৮১

(ব্যাখ্যা) আন্তর্জাতিক সেবাধর্মী স্বেচ্ছাসেবী সংগঠন 'অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল' ২৮ মে, ১৯৬১ সালে ব্রিটিশ আইনজ্ঞ পিটার বেনেনসন প্রতিষ্ঠা করেন। এর সদর দপ্তর যুক্তরাজ্যের লন্ডনে। এ সংস্থা সেবাধর্মী কার্যক্রমের জন্য ১৯৭৭ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে। বর্তমানে এই সংস্থার মহাসচিব দক্ষিণ আফ্রিকার কুমি নাইডু (১ আগস্ট ২০১৮)।

৯৬. START-2 কি?
ⓚ টিভিতে সম্প্রচারিত একটি সিরিয়াল
ⓚ বাণিজ্য সংক্রান্ত একটি চুক্তি
ⓖ কৌশলগত অস্ত্র হ্রাস সংক্রান্ত চুক্তি
ⓖ এর কোনোটিই নয়

(ব্যাখ্যা) ১৯৯৩ সালের ৩ জানুয়ারি মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে পারমাণবিক অস্ত্র বিশেষত দূর পাল্লার পারমাণবিক ক্ষেপণাস্ত্র আগামী ১০ বছরের মধ্যে (১৯৯৩-২০০২) দুই-তৃতীয়াংশ হ্রাস করার লক্ষ্যে এই চুক্তি স্বাক্ষরিত হয়। রাশিয়ার মস্কোতে এ চুক্তিতে যুক্তরাষ্ট্রের পক্ষে স্বাক্ষর করেন যুক্তরাষ্ট্রের তৎকালীন প্রেসিডেন্ট জর্জ বুশ (সিনিয়র) এবং রাশিয়ার পক্ষে স্বাক্ষর করেন সে দেশের তৎকালীন প্রেসিডেন্ট বরিস ইয়েলেৎসিন।

৯৭. আসিয়ান রিজিওনাল ফোরাম (ARF)-এর সদস্য সংখ্যা কত?
ⓚ ২১ ⓚ ২২ ⓖ ২৩ ⓖ ২৬

(ব্যাখ্যা) ARF-এর বর্তমান সদস্য সংখ্যা ২৭। সর্বশেষ সদস্য পদ লাভ করে শ্রীলংকা ২০০৭ সালের ১ আগস্ট। আসিয়ান রিজিওনাল ফোরামের (এআরএফ) ২৬তম সদস্য দেশ বাংলাদেশ। ২০০৬ সালের ২৮ জুলাই বাংলাদেশ সদস্যপদ লাভ করে। ARF প্রতিষ্ঠিত হয় ১৯৯৪ সালের ২৫ জুলাই। এর সদর দপ্তর ইন্দোনেশিয়ার জাকার্তায়।

৯৮. মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ কত বছর ক্ষমতায় ছিলেন?
ⓚ ২১ বছর ⓚ ২২ বছর ⓖ ২৪ বছর ⓖ ২৫ বছর

(ব্যাখ্যা) ১৯৮১ থেকে ২০০৩ সাল পর্যন্ত দীর্ঘ ২২ বছর ক্ষমতায় থাকার পর স্বেচ্ছায় পদত্যাগের পর বিশ্বে তিনি মহান নেতা হিসেবে সম্মানিত হচ্ছেন। তিনি তার মেধা, প্রজ্ঞাকে কাজে লাগিয়ে ৭০ দশকের কৃষিপ্রধান দরিদ্র মালয়েশিয়াকে শিল্পভিত্তিক মধ্য আয়ের দেশে পরিণত করে বিশ্বে ঈর্ষণীয় সাফল্য দেখিয়েছেন। ১০ মে ২০১৮ তিনি পুনরায় দেশটির প্রধানমন্ত্রী নির্বাচিত হন।

৯৯. বাংলাদেশ কত সালে ইসলামী সম্মেলন সংস্থার সদস্যপদ লাভ করে?
ⓚ ১৯৭২ সালে ⓚ ১৯৭৩ সালে
ⓖ ১৯৭৪ সালে ⓖ ১৯৭৫ সালে

(ব্যাখ্যা) ১৯৭৪ সালের ২৩ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত ওআইসির দ্বিতীয় শীর্ষ সম্মেলনে বাংলাদেশ সদস্যপদ লাভ করে। কমনওয়েলথ, NAM, আইএমএফ, আইএলও, ইউনেস্কো প্রভৃতি সংস্থার সদস্যপদ বাংলাদেশ লাভ করে ১৯৭২ সালে। ১৯৭৩ সালে বাংলাদেশ FAO, WMO, UPU-এর সদস্যপদ লাভ করে। উল্লেখ্য, ২৮ জুন ২০১১ ইসলামী সম্মেলন সংস্থার নাম পরিবর্তন করে ইসলামী সহযোগিতা সংস্থা রাখা হয়।

১০০. ইরাকের বর্তমান প্রেসিডেন্ট জালাল তালাবানি কোন সম্প্রদায়ের?
ⓚ সুন্নি ⓚ শিয়া ⓖ কুর্দি ⓖ খ্রিস্টান

[Note : ইরাকের বর্তমান প্রেসিডেন্ট বারহাম সালিহ কুর্দি সম্প্রদায়ের। ২০১৮ সালের ২ অক্টোবর তিনি দায়িত্ব গ্রহণ করেন। দেশটির বর্তমান প্রধানমন্ত্রী আদেল আবদুল মাহদি শিয়া সম্প্রদায়ের।]

| উত্তর | |
|---|---|
| ৯২ | গ |
| ৯৩ | গ |
| ৯৪ | গ |
| ৯৫ | ক |
| ৯৬ | গ |
| ৯৭ | ঘ |
| ৯৮ | খ |
| ৯৯ | গ |
| ১০০ | Note |